

রিপাবলিক অফ অস্ট্রিয়ার ফেডারেল চ্যান্সেলরের ভারত সফর (14-17 এপ্রিল, 2026)

09 এপ্রিল, 2026

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে, অস্ট্রিয়ার ফেডারেল চ্যান্সেলর মহামহিম ডঃ ক্রিশ্চিয়ান স্টোকার 14-17 এপ্রিল 2026 তারিখে ভারতে সরকারি সফর আসবেন। তার সাথে থাকবেন অর্থনীতি, শক্তি ও পর্যটন মন্ত্রী ডঃ উল্ফগ্যাং হ্যাটমাসডোফার, সিনিয়র অফিসার এবং ব্যবসায়িক নেতাদের সমন্বয়ে একটি উচ্চ-স্তরীয় প্রতিনিধিদল। এটি চ্যান্সেলর স্টোকারের প্রথম ভারত সফর। এশিয়াতেও এটি তার প্রথম সরকারি সফর হবে।

2. সফরকালে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং ফেডারেল চ্যান্সেলর ক্রিশ্চিয়ান স্টোকার বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদার করার বিষয়ে আলোচনা করবেন। তারা বহুপাক্ষিক মঞ্চে সহযোগিতা-সহ পারস্পরিক স্বার্থ জড়িত রয়েছে এমন নানা আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়েও মতবিনিময় করবে। প্রধানমন্ত্রী সফরে আসা গণমান্য অতিথিদের সম্মানে মধ্যাহ্নভোজের আয়োজন করবেন।

3. ফেডারেল চ্যান্সেলর মহামহিম ডঃ ক্রিশ্চিয়ান স্টোকার মাননীয় রাষ্ট্রপতিজী শ্রীমতী দ্রৌপদী মুর্মুর সাথে সাক্ষাৎ করবেন এবং বিদেশ মন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর চ্যান্সেলর স্টোকার-এর সাথে সাক্ষাৎ করবেন।

4. ভারত এবং অস্ট্রিয়া উষ্ণ, বন্ধুত্বপূর্ণ এবং বহুমুখী সম্পর্ক উপভোগ করে, যা শেয়ার করা গণতান্ত্রিক মূল্যবোধের ভিত্তিতে গড়ে উঠেছে। জুলাই 2024 তে প্রধানমন্ত্রীর অস্ট্রিয়া সফরের ফলে দুই দেশের মধ্যে সমসাময়িক সম্পর্ক উল্লেখযোগ্যভাবে উন্নত হয়েছে। ফেডারেল চ্যান্সেলর স্টোকারের সফর পারস্পরিক স্বার্থ-যুক্ত নতুন ক্ষেত্রে অংশীদারিত্বকে আরও গভীর ও সম্প্রসারিত করার জন্য উভয় দেশের যৌথ প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে।

নয়া দিল্লি

09 এপ্রিল, 2026